



নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২০২৪/১৮৩৩

২১ মে ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ঘোন হয়রানি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে ঘোন হয়রানি প্রতিরোধ বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২১ মে ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) আয়োজিত প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম। নোবিপ্রবি আইকিউএসি ও ঘোন নিপীড়ন প্রতিরোধ কমিটি উক্ত প্রশিক্ষণের আয়োজন করে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলামের সংগ্রানায় প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের পাবলিক এ্যাডমিনিস্ট্রেশন বিভাগের অধ্যাপক ড. জেবুন্নেছা,

নোবিপ্রবি অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. ফিরোজ আহমেদ, নোবিপ্রবি প্রস্তর অধ্যাপক ড. মো. আনিসুজ্জামান, নোবিপ্রবি আইন বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক বাদশা মিএঢ়া।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, পৃথিবীতে প্রত্যেক মানুষের মাঝে মনুষ্যত্ব আছে, আছে পশ্চত্তও। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে আমরা যারা রয়েছি, আমরা সকলেই আমাদের বিবেককে জগতে রেখে চলা উচিত। ন্যায়-অন্যায়ের পার্থক্য আমাদের কর্মে প্রতিফলিত হওয়া উচিত। মনুষ্যত্ব ও পশ্চত্তের ফারাক বুঝে বিবেক দিয়ে কর্মপদ্ধা ঠিক করা উচিত। এমন বিবেচনায় ঘোন হয়রানির মতো গুরুতর পাশবিকতা বিশ্ববিদ্যালয়ের মতো প্রতিষ্ঠানের জন্য চরম হানিকর। কাজেই এ বিষয়ে যেকোনো অভিযোগ পাওয়া মাত্রই তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে। আয়োজক, অংশগ্রহণকারী ও প্রশিক্ষকদের ধন্যবাদ জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী সংক্ষিপ্ত আলোচনায় বলেন, আমরা চাই নোবিপ্রবিতে ঘোন হয়রানির মূলক কোন অভিযোগ বস্তুই যেন না থাকে। এ ধরণের কোন কর্মকাণ্ড যেন না ঘটে সে বিষয়ে আমরা সচেতন থাকবো।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে এ সংক্রান্ত যে অভিযোগই পাওয়া গিয়েছে প্রশাসন দ্রুত ব্যবস্থা গ্রহণ করেছে। ভবিষ্যতেও যে কোন ধরণের অভিযোগ আমাদের কাছে আসা মাত্রই আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো।

শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত উক্ত প্রশিক্ষণে অন্যদের মাঝে আরও বক্তব্য রাখেন ঘোন নিপীড়ন প্রতিরোধ কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন ও সদস্য সচিব ড. অবস্তি বড়ুয়া।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৭৩৩৯৮৮৯৪